গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

অভ্যন্তরীণ উৎস হতে বিগত তিন অর্থ বছরে মোট ১১.২৯ লাখ মে: টন খাদ্যশস্য সংগৃহীত হয়েছে। অভ্যন্তরীণভাবে ধান ২.৫০ লাখ মে: টন, চাল ৮.৪০ লাখ মে: টন ও গম ০.৩৯ লাখ মে: টন সংগ্রহ করা হয়েছে। উক্ত খাদ্যশস্যের মধ্যে কৃষকের নিকট থেকে সরাসরি মোট ২.৫০ লাখ মে: টন ধান সংগ্রহ করা হয়েছে। ফলে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। কৃষকদের প্রণোদনা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে সরাসরি ধান সংগ্রহ কার্যক্রম বর্তমানেও অব্যাহত আছে। এছাড়াও ২০১৯-২০ অর্থ বছর হতে কৃষকের নিকট হতে ধান সংগ্রহে "কৃষকের অ্যাপ" চালু করা হয়। ডিজিটাল ব্যবস্থাপনার মাধ্যমে ৯ টি উপজেলায় চাল সংগ্রহ করা হয়েছে। এ সময়ে সরকারি বিভিন্ন চ্যানেলে খাদ্যশস্য বিক্রয়/বিতরণ করা হয়েছে মোট ৯.০৬ লাখ মে: টন। তন্মধ্যে শুধু ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিক্রয় করা হয়েছে মোট ৫.৪০ লাখ মেঃ টন। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বিভাগে প্রায় ৭.৭৬ লাখ পরিবারকে বছরের ৫ মাস প্রতি কেজি চাল মাত্র ১৫ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবাহ করা হচ্ছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ৭৩,০০০ মে: টন পুষ্টিচাল বিতরণ করা হয়েছে। খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা বাড়াতে আলোচ্য সময়ে নতুন আবাসিক/অনাবাসিক ও অন্যান্য স্থাপনা নির্মাণসহ পুরাতন আবাসিক/অনাবাসিক ও অন্যান্য স্থাপনাসমূহ মেরামত করা হয়েছে। বর্তমান রাজশাহী বিভাগের সরকারি খাদ্য গুদামের কার্যকর ধারণক্ষমতা ৩.৮১ লাখ মে.টন উন্নীত করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণ, অপুষ্টি দূরীকরণে কার্যকর খাদ্য ব্যবস্থাপনা পরিচালনাসহ নারী ও শিশুবান্ধব, জলবায়ু সহিষ্ণু খাদ্য নিরাপত্তা মজুত ও বিতরণে কর্মসূচী গ্রহণ, দুঃস্থ জনগোষ্ঠির জন্য বিশেষ খাদ্য সহায়তা কর্মসূচীর আওতা সম্প্রসারণ এবং সরকারি পরিকল্পনা ও বাজেট অনুযায়ী আপদকালীন খাদ্য নিরাপত্তা মজুত নিষ্পত্তির Innovative কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে খাদ্যের গুণগত মান বজায় রাখার জন্য আধুনিক প্রযুক্তির খাদ্য সংরক্ষণাগার নির্মাণ করা। প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা অব্যাহতভাবে বৃদ্ধিকরণ। খাদ্যশস্য সংগ্রহ, মজুদ ও বিতরণ ব্যবস্থাপনায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভুক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারী, গ্রামীণ দুঃস্থ নারী, স্বল্প আয়ের বৃহৎশিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ ব্যবস্থা সময়োপযোগী করা, খাদ্যবান্ধব কর্মসূচির পরিধি সম্প্রসারণ করা এবং ২০২৫ সালের মধ্যে সকল উপজেলায় পুষ্টিচাল বিতরণ কার্যক্রম সম্প্রসারণ করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ▯ খাদ্যবান্ধব কর্মসূচীতে মাত্র ১৫ টাকা কেজি দরে ৭.৭৬ লাখ পরিবারের মধ্যে ১.১৬ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- ▯ কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ৩.৫০ লাখ মে.টন খাদ্যশস্য (ধান, চাল ও গম) সংগ্রহ;
- ▯ বাজারমূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্পমূল্যে খাদ্যশস্য বিরতণ কর্মসূচীতে ত্রানমূলক খাতে ১.০০ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;
- ▯ বাজারমূল্য স্থিতিশীল ও প্রাপ্যতা নিশ্চিতকরণের জন্য ওএমএস খাতে ১.২০ লাখ মে.টন খাদ্যশস্য বিতরণ;

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী

এবং

মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ...জুন........ মাসের ......২৫........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্যশস্য।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমন্বিত নীতি-কৌশল বাস্তবায়ন এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্যশস্য সরবরাহ নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা

২. খাদ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ, খাদ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন ও খাদ্যনীতি বাস্তবায়ন

৩. খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং খাদ্যশস্য সরবরাহ ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন।

৪. সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ এবং দরিদ্র বিশেষত নারী ও শিশুদের জন্য খাদ্য প্রাপ্যতা নিশ্চিতকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারি খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থ সুদৃঢ়করণ;

২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ ব্যবস্থাপনা;

৩. খাদ্যশস্য (চাল ও গম) সংগ্রহ, মজুদ, চলাচল ও বিতরণ ব্যবস্থাপনা;

৪. খাদ্যশস্যের বাজার মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও পুষ্টি সম্মৃদ্ধ খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ;

৫. পর্যাপ্ত খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ ।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১১ | ১.১১ | ১.১০ | ১.০৯ | ১.০৮ | কৃষি মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা |
| সামাজিক নিরাপত্তা খাতে খাদ্যশস্য বিতরণ | খাদ্যবান্ধব কর্মসূচিতে চালের মূল্য ও বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৩৫ | ০.৩১৬ | ০.৩১৬ | ০.৩১৬ | ০.৩১৬ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য প্রাপ্তি | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৬২ | ০.৭০ | ০.৭০ | ০.৭০ | ০.৭০ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| | আটার ওএমএস মূল্য এবং খুচরা বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৪০ | ০.৭০ | ০.৭০ | ০.৭০ | ০.৭০ | কৃষি মন্ত্রণালয় | এসডিজি |
| খাদ্য নিরাপত্তা পরিস্থিতির উন্নতি | Severe Food Insecurity Experience Scale (FIES) % | % | ৯.৫০ | ৯.০০ | ৮.৯০ | ৯.০০ | ৯.১০ | FAO, FPMU | SDG-2/ মধ্যমেয়াদী বাজেট |
| | পিএফডিএস খাতে খাদ্যের অপচয় হ্রাসকল্পে মজুদ ঘাটতির হার | % | ০.২২৫ | ০.২১৪ | ০.৫০ | ০.৫০ | ০.৫০ | চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর | মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব নীতি/পরিকল্পনা বাজেট |

*সাময়িক (provisional) তথ্য

**সেকশন ৩**

**কর্মসম্পাদন পরিকল্পনা**

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই খাদ্য নিরাপত্তা অর্জন ও কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং খাদ্যশস্যের নিরাপত্তা মজুদ গড়ে তোলা | ২৫ | [১.১] ধান সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৫ | ০.৩২ | ০.১০ | ০.৫০ | ০.৪৫ | ০.৪০ | ০.৩৫ | ০.৩০ | ০.৫৫ | ০.৬০ |
| | | [১.২] চাল সংগ্রহ | [১.২.১] সংগৃহীত চাল | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৫ | ৪.০০ | ১.৯২ | ২.৭০ | ২.৬০ | ২.৫০ | ২.৪০ | ২.৩০ | ২.৮০ | ৩.০০ |
| | | [১.৩] গম সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত গম | ক্রমপুঞ্জিভূত | হাজার মেঃটন | ৩ | ০.০০১ | ০ | ৩০.০০ | ২৮.০০ | ২৬.০০ | ২৪.০০ | ২২.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| | | [১.৪] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | [১.৪.১] মজুদকৃত খাদ্যশস্য | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৩ | ৩.১৭ | ২.৭৭ | ৩.০০ | ২.৯০ | ২.৮০ | ২.৭০ | ২.৬০ | ৩.১০ | ৩.২০ |
| | | [১.৫] গুদাম রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ | [১.৫.১] মেরামতকৃত স্থাপনার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ২৮ | ৪৯ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ৩০ | ৩২ |
| | | [১.৬] “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় | [১.৬.১] বাস্তবায়িত উপজেলা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ৩৯ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৪ | ৩২ | ৪২ | ৪৫ |
| | | [১.৭] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | [১.৭.১] বাস্তবায়িত উপজেলা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | | ৯ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| [২] খাদ্য ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ, খাদ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন ও খাদ্যনীতি বাস্তবায়ন | ২০ | [২.১] আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের পরিদর্শনের সংখ্যা | [২.১.১] পরিদর্শনের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৩ | ৭৪ | ৬৯ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [২.২] মামলার সংক্রান্ত ডাটাবেস হালনাগাদ | [২.২.১] হালনাগাদের হার | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯৫ | ৯৫ |
| | | [২.৩] আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যলয়, রাজশাহীর কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতার উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রদান সম্পন্ন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৮ | ৭ | ৬ | | | ৯ | ১০ |
| | | [২.৪] কর্মকর্তা/কর্মচারীগণের PIMS ডাটাবেস হালনাগাদকরণ | [২.৪.১] প্রতি মাসে হালনাগাদকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৫] সীমার মধ্যে গুদাম ঘাটতি | [২.৫.১] ঘাটতির হার | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ০.৩২ | ০.৪১ | ০.৩৫ | ০.৩৬ | ০.৩৭ | ০.৩৮ | ০.৩৯ | ০.৩৪ | ০.৩৩ |
| | | [২.৬] সীমার মধ্যে পরিবহণ ঘাটতি | [২.৬.১] ঘাটতির হার | ক্রমপুঞ্জিভূত | % | ৩ | ০.১০২ | ০.১২১ | ০.১২১ | ০.১২৩ | ০.১২৫ | ০.১২৬ | ০.১২৭ | ০.১২০ | ০.১১৯ |
| | | [২.৭] অভ্যন্তরীণ অডিট আপত্তি সফটওয়্যারে হালনাগাদকরণ | [২.৭.১] সফটওয়্যারে হালনাগাদানকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯৫ | ৯৫ |
| | | [২.৮] বাণিজ্যিক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ | [২.৮.১] প্রেরিত ব্রডশীট জবাবের সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | ১৯ | ৪০ | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ৩০ | ৩৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] খাদ্যশস্যের বাজার মূল্য স্থিতিশীল রাখা ও প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং খাদ্যশস্য সরবরাহ ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন। | ১৩ | [৩.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় (ইপি) | [৩.১.১] বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৪ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৪ | ০.২৩ | ০.২২ | ০.২১ | ০.২৬ | ০.২৮ |
| | | [৩.২] অনুপুষ্টি চাল সরবরাহ (ভিজিডি ও খাদ্যবান্ধব খাতে) | [৩.২.১] সরবরাহকৃত পরিমান | ক্রমপুঞ্জিভূত | হাজার মেঃটন | ৫ | ৪৭.৩৫ | ২৬.০০ | ৫০.০০ | ৪৮.০০ | ৪৬.০০ | ৪৪.০০ | ৪২.০০ | ৫৫.০০ | ৬০.০০ |
| | | [৩.৩] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | [৩.৩.১] সরবরাহকৃত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৪ | ১.১৯ | ০.৭১ | ১.০০ | ০.৯৫ | ০.৯০ | ০.৮৫ | ০.৮০ | ১.০৫ | ১.১০ |
| [৪] সামাজিক নিরাপত্তা খাতে ও স্বল্প মূল্যে খাদ্যশস্য বিতরণ এবং দরিদ্র বিশেষত নারী ও শিশুদের জন্য খাদ্য প্রাপ্যতা নিশ্চিতকরণ | ১২ | [৪.১] খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণ | [৪.১.১] বিতরণকৃত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৪ | ১.১৬ | ০.৮২ | ১.১৬ | ১.১০ | ১.০৫ | ১.০০ | ০.৯৫ | ১.১৬ | ১.১৬ |
| | | [৪.২] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি (চাল ও আটা) | [৪.২.১] বিক্রিত পরিমাণ | ক্রমপুঞ্জিভূত | লাখ মেঃটন | ৪ | ১.২১ | ০.৭৩ | ১.২০ | ১.১০ | ১.০৫ | ১.০০ | ০.৯৫ | ১.২৫ | ১.৩০ |
| | | [৪.৩] খাদ্যের মান পরীক্ষা | [৪.৩.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ৪৯৮ | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর হিসাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী | ২৫/০৫/২০২৩<br>তারিখ |
| মহাপরিচালক<br>খাদ্য অধিদপ্তর | ২৫-০৫-২০২৩<br>তারিখ |

মো: শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | PIMS | Personal Information Management System |
| ২ | অনিক | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা |
| ৩ | আখানি | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক |
| ৪ | ই-গভর্ন্যান্স | ইলেকট্রনিক গভর্ন্যান্স |
| ৫ | ই-নথি | ইলেকট্রনিক নথি |
| ৬ | ইপি | এসেনসিয়ার প্রাইওরিটি |
| ৭ | এপিএ | অ্যানুয়াল পারফর্মমেন্স এগ্রিমেন্ট |
| ৮ | এপিপি | অ্যানুয়াল প্রোকিউরমেন্ট প্লান |
| ৯ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ১০ | এলএসডি | লোকাল সাপ্লাই ডিপো |
| ১১ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ১২ | জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম |
| ১৩ | টিওএন্ডই | টেবিল অব অর্গানাইজেশন এন্ড ইকুইপমেন্ট |
| ১৪ | ডব্লিউএইচও | ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন |
| ১৫ | ভিজিডি | ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট |
| ১৬ | সিএসডি | সেন্ট্রাল স্টোরেজ ডিপো |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] ধান সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান | সংগ্রহ শাখা | ii)Balance sheet (iii)মাসভিত্তিক ধান ও চাল সংগ্রহ প্রতিবেদন |
| [১.২] চাল সংগ্রহ | [১.২.১] সংগৃহীত চাল | সংগ্রহ শাখা | ii)Balance sheet (iii)মাসভিত্তিক ধান ও চাল সংগ্রহ প্রতিবেদন |
| [১.৩] গম সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত গম | সংগ্রহ শাখা | ii)Balance sheet (iii)মাসভিত্তিক ধান ও চাল সংগ্রহ প্রতিবেদন |
| [১.৪] বছর শেষে ন্যুনতম মজুত গড়ে তোলা | [১.৪.১] মজুদকৃত খাদ্যশস্য | মজুত শাখা | মাসিক প্রতিবেদন |
| [১.৫] গুদাম রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ | [১.৫.১] মেরামতকৃত স্থাপনার সংখ্যা | উন্নয়ন শাখা | হস্তান্তর পত্র/কাজ সমাপ্ত সনদপত্র |
| [১.৬] "কৃষকের অ্যাপ" এর মাধ্যমে ধান ক্রয় | [১.৬.১] বাস্তবায়িত উপজেলা | সংগ্রহ শাখা | কৃষকের অ্যাপ এর মাধ্যমে ধান ক্রয়ের অনলাইন প্রতিবেদন |
| [১.৭] ডিজিটাল চাল সংগ্রহ ব্যবস্থাপনা বাস্তবায়ন | [১.৭.১] বাস্তবায়িত উপজেলা | সংগ্রহ শাখা | ডিজিটাল ব্যবস্থাপনার মাধ্যমে চাল সংগ্রহের অনলাইন প্রতিবেদন, |
| [২.১] আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককের পরিদর্শনের সংখ্যা | [২.১.১] পরিদর্শনের সংখ্যা | প্রশাসন শাখা | মাসিক প্রেরিত পরিদর্শন প্রতিবেদন |
| [২.২] মামলার সংক্রান্ত ডাটাবেস হালনাগাদ | [২.২.১] হালনাগাদের হার | মামলা শাখা | ডাউনলোডকৃত প্রতিবেদন |
| [২.৩] আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যলয়, রাজশাহীর কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতার উন্নয়নে প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রদান সম্পন্ন | প্রশিক্ষণ শাখা | অফিস আদেশের নম্বর উল্লেখ করে সামারি শিট (i) ত্রৈমাসিক সারসংক্ষেপ, প্রশিক্ষণের নোটিশ, হাজিরা। |
| [২.৪] কর্মকর্তা/কর্মচারীগণের PIMS ডাটাবেস হালনাগাদকরণ | [২.৪.১] প্রতি মাসে হালনাগাদকৃত | প্রশাসন শাখা | সফটওয়্যার হতে প্রাপ্ত অনলাইন প্রতিবেদন |
| [২.৫] সীমার মধ্যে গুদাম ঘাটতি | [২.৫.১] ঘাটতির হার | মজুদ ও চলাচল শাখা | (i) বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (PVR) এবংগুদাম ঘাটতির হার উল্লেখ করত: সামারি শিট। (ii) জেলা ও উপজেলা কার্যালয়সমূহের বিস্তারিত প্রতিবেদন |
| [২.৬] সীমার মধ্যে পরিবহণ ঘাটতি | [২.৬.১] ঘাটতির হার | মজুদ ও চলাচল শাখা | (i) বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (PVR) এবংগুদাম ঘাটতির হার উল্লেখ করত: সামারি শিট। (ii) জেলা ও উপজেলা কার্যালয়সমূহের বিস্তারিত প্রতিবেদন |
| [২.৭] অভ্যন্তরীণ অডিট আপত্তি সফটওয়্যারে হালনাগাদকরণ | [২.৭.১] সফটওয়্যারে হালনাগাদানকৃত | অডিট শাখা | ডাউনলোডকৃত প্রতিবেদন |
| [২.৮] বাণিজ্যিক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ | [২.৮.১] প্রেরিত ব্রডশীট জবাবের সংখ্যা | অডিট শাখা | ব্রডশীট জবাব প্রেরণের পত্র |
| [৩.১] জরুরী গ্রাহক খাতে খাদ্যশস্য বিক্রয় (ইপি) | [৩.১.১] বিক্রিত পরিমাণ | সরবরাহ শাখা | (ii) মাসভিত্তিক সামারি শিট এবং (iii) National Offtake Report |
| [৩.২] অনুপুষ্টি চাল সরবরাহ (ভিজিডি ও খাদ্যবান্ধব খাতে) | [৩.২.১] সরবরাহকৃত পরিমান | সরবরাহ শাখা | অনুপুষ্টি সমৃদ্ধ চাল নির্ণয়ের সূত্রসহ বিতরণের মাসভিত্তিক সামারি শিট |
| [৩.৩] ত্রাণমূলক খাতে খাদ্যশস্য সরবরাহ | [৩.৩.১] সরবরাহকৃত পরিমাণ | সরবরাহ শাখা | (ii) মাসভিত্তিক সামারি শিট এবং (iii) National Offtake Report |
| [৪.১] খাদ্যবান্ধব কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণ | [৪.১.১] বিতরণকৃত পরিমাণ | সরবরাহ শাখা | (ii) মাসভিত্তিক সামারি শিট এবং (iii) National Offtake Report |
| [৪.২] খোলাবাজারে খাদ্যশস্য বিক্রি (চাল ও আটা) | [৪.২.১] বিক্রিত পরিমাণ | সরবরাহ শাখা | (ii) মাসভিত্তিক সামারি শিট এবং (iii) National Offtake Report |
| [৪.৩] খাদ্যের মান পরীক্ষা | [৪.৩.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | কারিগরি শাখা | মাসিক নমুনা পরীক্ষার প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| গম সংগ্রহ | সংগৃহীত গম | কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রনালয় হতে কৃষকের তালিকা সংগ্রহপূর্বক ধান/গমসংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন |
| চাল সংগ্রহ | সংগৃহীত চাল | কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রনালয় হতে কৃষকের তালিকা সংগ্রহপূর্বক ধান/গমসংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন |
| ধান সংগ্রহ | সংগৃহীত ধান | কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রনালয় হতে কৃষকের তালিকা সংগ্রহপূর্বক ধান/গমসংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন |
| অনুপুষ্টি চাল সরবরাহ (ভিজিডি ও খাদ্যবান্ধব খাতে) | সরবরাহকৃত পরিমান | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক অধিদপ্তরের তৈরী তালিকার ভোক্তার মাঝে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সুষ্ঠভাবে বিতরণ। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ